



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ  
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নম্বর: মশিবো/কলেজ/ময়মন/৩০৩৩

তারিখ: ০৭.০৩.২০২৪ খ্রি:

বিষয়: ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলাধীন “আলহাজ্ব সিদ্দিকুর রহমান একাডেমী (স্কুল এন্ড কলেজ)”-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে

সূত্র : বোর্ডের মঞ্জুরী কমিটির ০৫.১২.২০২৩ খ্রি: তারিখের ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া উপজেলাধীন “আলহাজ্ব সিদ্দিকুর রহমান একাডেমী (স্কুল এন্ড কলেজ)”-কে নিম্নোক্ত শর্তসাপেক্ষে উচ্চমাধ্যমিক কলেজ স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ:

১. পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই অধ্যক্ষসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ, জমি ক্রয় এবং অবকাঠামো নির্মাণসহ প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ/তৈরি করতে হবে;
২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২(সংশোধিত-২০২৩) অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে;
৩. ব্যক্তি নামে কলেজ নামকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার ও অধ্যক্ষের যেওথ স্বাক্ষরে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা ব্যাংকে জমা প্রদান করে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রমানক জমা প্রদান করতে হবে;
৪. কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
৫. কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
৬. বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

চেয়ারম্যানের অনুমোদনক্রমে

স্বা:

(প্রফেসর প্রানেশ রঞ্জন রায়)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

অধ্যক্ষ

আলহাজ্ব সিদ্দিকুর রহমান একাডেমী (স্কুল এন্ড কলেজ)


ফুলবাড়ীয়া, ময়মনসিংহ

স্মারক নম্বর-মশিবো/কলেজ/ময়মন/২০২৪/ ৩০৩৩

তারিখ- ০৭.০৩.২০২৪ খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
৪. জেলা প্রশাসক, ময়মনসিংহ
৫. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ
৬. আইটি শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
৭. অফিস কপি

  
০৭.০৩.২০২৪  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

